

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০৫৮

৯. কিতাবুস সালাত (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ ফজর ও আসরের সালাত জামা'আতে আদায়কারীর জন্য ফেরেস্তাগণ ক্ষমা প্রার্থনা করেন মর্মে বর্ণনা

ذِكْرُ اسْتِغْفَارِ الْمَلَائِكَةِ لِمُصلِّي صَلَاةِ الْعَصْرِ وَالْغَدَاةِ في الجماعة

আরবী

2058 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بِنُ عَلِيّ بِنِ الْمُثَنَّى حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ حَدَّثَنَا جَرِيرٌ عَنِ الْأَعْمَشِ عَنْ أَبِي صَالِحٍ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (يَتَعَاقَبُونَ فِيكُمْ إِذَا كَانَتْ صَلَاةُ الْفَجْرِ نِزَلَتْ مَلَائِكَةُ النَّهَارِ فَشَهِدَتْ مَعَكُمُ الصَّلَاةَ جَمِيعًا وَصَعِدَتْ مَلَائِكَةُ اللَّيْلِ وَمَكَثَتْ مَعَكُمُ مَلَائِكَةُ النَّهارِ فَيَسْأَلُهُمْ رَبُّهُمْ وَهُوَ أَعْلَمُ: مَا تَرَكْتُمُ عَبَادِي يَصِنْنَعُونَ؟ فَيَقُولُونَ: جِبْنَاهُمْ وَهُمْ يُصَلُّونَ وَتَرَكْنَاهُمْ وَهُمْ يُصَلُّونَ } [فَإِذَا كَانَ صَلَاةُ الْعَصْرِ نَزَلَتْ مَلَائِكَةُ اللَّيْلِ فَشَهِدُوا مَعَكُمُ الصَّلَاةَ جَمِيعًا ثُمَّ صَعِدَتْ مَلَائِكَةُ اللَيْلِ فَشَهِدُوا مَعَكُمُ الصَّلَاةَ جَمِيعًا ثُمَّ صَعِدَتْ مَلَائِكَةُ اللَّيْلِ فَشَهِدُوا مَعَكُمُ الصَّلَاةَ جَمِيعًا ثُمَّ صَعِدَتْ مَلَائِكَةُ اللَّيْلِ فَلَا وَهُمْ يُصَلُّونَ وَتَرَكْنَاهُمْ وَهُمْ يُصَلُّونَ } [فَالَةُ عَلَيْهِ وَمُكَانِّ مَعَكُمُ مَلَائِكَةُ اللَّيْلِ فَالَعْ مِلْمَا لَهُمْ وَهُولَ أَعْلَمُ بِهِمْ فَيَقُولُ أَنْ عَلَى الْمَعْدِقُولُ وَمَ عَلَيْعَالَ وَهُمْ يُصَلِّونَ وَتَرَكْنَاهُمْ وَهُمْ يُصِلُونَ } [فالَتَ عَلَيْهُ مِنْ يَقُلُونَ: هَا لَعُلَمْ قَلْمُ اللَّهُ مَا تُركَدُنَاهُمْ وَهُمْ يُصَلُّونَ] قَالَ: المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الراوي : أَبُو هُرَيْرَةَ المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الصفحة أو الرقم: \$205 ا خلاصة حكم المحدث: صحيح - ((ظلال الجنة)) (1/ 491).

বাংলা

২০৫৮. আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "রাতের ও দিনের ফেরেস্তাগণ পালাক্রমে তোমাদের মাঝে অবতরণ করেন, যখন ফজরের সালাতের সময় হয়, তখন দিনের ফেরেস্তাগণ অবতরণ করেন এবং তারা তোমাদের সাথে সালাতে শরীক হন আর রাতের ফেরেস্তাগণ উর্ধাকাশে উঠে যান এবং দিনের ফেরেস্তাগণ তোমাদের মাঝে অবস্থান করেন। অতঃপর তাদের প্রভু তাদের



জিজ্ঞেস করেন, যদিও তিনি তাদের ব্যাপারে সবচেয়ে বেশি অবগত। তিনি বলেন, "তোমরা আমার বান্দাদের কী করা অবস্থায় রেখে আসলে?" তারা বলেন, "আমরা তাদেরকে সালাত আদায়রত অবস্থায় রেখে এসেছি, আর আমরা যখন তাদের কাছে যাই, তখনও তারা সালাত আদায় করছিলেন।"

অতঃপর যখন আসরের সালাতের সময় হয়, তখন রাতের ফেরেস্তাগণ অবতরণ করেন এবং তারা তোমাদের সাথে সালাতে শরীক হন আর দিনের ফেরেস্তাগণ উর্ধাকাশে উঠে যান এবং রাতের ফেরেস্তাগণ তোমাদের মাঝে অবস্থান করেন। অতঃপর তাদের প্রভু তাদের জিজ্ঞেস করেন, যদিও তিনি তাদের ব্যাপারে সবচেয়ে বেশি অবগত। তিনি বলেন, "তোমরা আমার বান্দাদের কী করা অবস্থায় রেখে আসলে?" তারা বলেন, "আমরা তাদেরকে সালাত আদায়রত অবস্থায় রেখে এসেছি, আর আমরা যখন তাদের কাছে যাই, তখনও তারা সালাত আদায় করছিলেন।"

রাবী বলেন, "আমার ধারণা হাদীসে এটাও আছে, "তখন ফেরেস্তাগণ বলেন, "অতএব আপনি তাদেরকে কিয়ামতের দিন ক্ষমা করে দিন।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/৩১২; সহীহ মুসলিম: ৬৩২; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৮০।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকুর রাগীব : ১/১৬৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন